# Report of Research Project

Academic year :2023-24
Department : Bengali
Program name : Bengali Honours
Program code : BNGA
Course name : Bangla Sahityer Itihasa : Bingsha Shatak
Course code : CC- 5
Type : Research project
Name of the topic : “Rabindra Sahitya O Bangavanga Andolon”
Targeted students : Semester 3 Honours

## রবীন্দ্র সাহিত্য ও বঙ্গভঙ্গ আন্দোলন

**Topic Discussion** / বিষয় সম্পর্কে বিস্তারিত বিবরণ:

## রিপোর্ট

## রবীন্দ্র সাহিত্য ও বঙ্গভঙ্গ আন্দোলন

রবীন্দ্রনাথ ঠাকুরের সমগ্র জীবনের প্রেক্ষাপটে তাঁর কবিমানস ও সাহিত্যকর্মের স্বরূপ অনুধাবন সম্ভব। জীবনের প্রতি পর্বে তাঁর জীবনজিজ্ঞাসা ও সাহিত্যাদর্শের পরিবর্তন ঘটেছে। যুগপরিবর্তনের সকল ধারা রবীন্দ্রনাথ আত্মস্থ করেছেন গভীর অনুশীলন, ক্রমাগত নিরীক্ষা ও বিশ্বপরিক্রমার মধ্য দিয়ে। তাই তাঁর সাহিত্যজীবনের নানা পর্যায়ে বিষয় ও আঙ্গিকের নিরন্তর পালাবদল লক্ষণীয়। সমাজ, সভ্যতা ও সংস্কৃতির প্রতিটি রূপান্তর তাঁর লেখনীতে জীবন্ত হয়ে উঠেছে। বিভিন্ন সময়ে বিভিন্ন সামাজিক আন্দোলনে তাঁর সৃজনশীল সাহিত্যরূপটি আরও বিকশিত হয়েছে।

রবীন্দ্রনাথ কখনও সক্রিয় রাজনীতির সাথে যুক্ত হননি, তবে সমসাময়িক ঘটনাপ্রবাহ থেকে নিজেকে বিচ্ছিন্ন করে রাখেননি; বরং তিনি ছিলেন স্বাদেশিকতার বরেণ্য পুরুষ। সাধনা, বঙ্গদর্শন, ও ভারতী পত্রিকায় প্রকাশিত নানা প্রবন্ধে তিনি তৎকালীন রাজনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ করেন। ১৯০৫ সালে বঙ্গভঙ্গ আন্দোলনের সময় রবীন্দ্রনাথ বঙ্গভঙ্গের তীব্র বিরোধিতা করেন। বঙ্গদর্শন পত্রিকায় প্রকাশিত এক প্রবন্ধে কবি তাঁর মনোভাব ব্যক্ত করেন এবং রাখীবন্ধনের দিনটিকে স্মরণ করে তিনি গান রচনা করেন

‘বাংলার মাটি, বাংলার জল, বাংলার বায়ু, বাংলার ফল

পুণ্য হউক পুণ্য হউক পুণ্য হউক হে ভগবান’

বঙ্গভঙ্গের সময় কবির স্বদেশপর্বের বেশ কিছু উল্লেখযোগ্য গান রচিত হয়। তাঁর দুটি গান ভারত ও বাংলাদেশের জাতীয় সঙ্গীতের মর্যাদা লাভ করে।এই সময় কবি দেশ ও সমাজকে আত্মনির্ভরশীল করে তলার বিস্তৃত কর্মসূচি তুলে ধরেন তাঁর বিখ্যাত 'স্বদেশী সমাজ' প্রবন্ধে। এতে তিনি পল্লীসংগঠন সম্পর্কে গঠনাত্মক কার্যপদ্ধতি, লোকশিক্ষা, সামাজিক কর্তব্য, সমবায়, প্রভৃতি জনসেবার বিভিন্ন দিক সম্পর্কে বাংলার জনসাধারণকে সচেতন করেন। বঙ্গভঙ্গের সময় সৃষ্ট রাজনৈতিক অস্থিরতা রবীন্দ্রনাথের সাহিত্যে গভীর প্রভাব বিস্তার করেছিল। ক্রমে বঙ্গভঙ্গ আন্দোলন মুসলিম-বিরোধী আন্দোলনের রূপ নেয়। রবীন্দ্রনাথ বঙ্গভঙ্গ তথা স্বদেশী আন্দোলনকে সমর্থন করলেও পরবর্তীকালে সৃষ্ট উগ্র জাতীয়তাবাদ কিংবা সন্ত্রাসবাদকে কখনও সমর্থন করেননি।

**Outcome of the project :**

এই আলোচনায় সমাজ সম্পর্কে সমাজসচেতনা সম্পর্কে রবীন্দ্রনাথের গভীর চিন্তন মনন এবং দর্শনের রূপ সংক্ষেপে প্রকাশিত হয়েছে।মা উপস্থিত ছাত্রছাত্রীদের গভীরভাবে উদ্দীপিত করেছে।

PRINCIPAL
Dhruba Chand Halder College
P.O.- D. Barasat, P.S.- Jaynagar
South 24 Parganas, Pin- 743372